শ্রেণি : নার্সারি # ১

## পালনীয় বিষয়সমূহ

- প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত পোশাক, সাদা কেড্‌স, সাদা মোজা এবং শীতকালে গাঢ় লাল রঙের সোয়েটার ও বিদ্যালয়ের নির্ধারিত ব্যাজ পরে যথাসময়ে শিক্ষার্থী প্রতিষ্ঠানে আসবে।
- শিক্ষার্থীদের সোনা কিংবা ইমিটিশনের গহনা পরে আসা যাবে না। শুধু কানে ছোট চাপা রিং পরতে পারবে।
- ছাত্রীদের চুল সাদা ফিতা দিয়ে বেনী করবে।
- হাতের নখ ছোট রাখবে। হাতে নেইল পলিশ অথবা মেহেদী পরা এবং চুলে কালার করা নিষিদ্ধ। কেউ কালার করলে কালার না ওঠা পর্যন্ত প্রতিষ্ঠানে আসতে পারবে না।
- শিক্ষা উপকরণাদিসহ শিক্ষার্থী প্রতিষ্ঠানে আসবে। শিক্ষা উপকরণ ব্যতীত যেমন–মোবাইল, ক্যামেরা, স্টিলের স্কেল, কোন প্রকার ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে আনা যাবে না।
- শিক্ষার্থীদের নির্দিষ্ট সময়ে প্রতিষ্ঠানে প্রবেশ করতে হবে। গেট বন্ধ হয়ে গেলে অভিভাবকের সাথে বাড়ি ফিরে যেতে হবে।
- ক্লাস চলাকালীন সময়ে শিক্ষার্থীকে প্রতিষ্ঠানের গেটের বাইরে যেতে দেওয়া হবে না।
- আপনার সন্তানের লেখাপড়া সংক্রান্ত ব্যাপারে বিদ্যালয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ একান্ত কাম্য।
- প্রতিষ্ঠান চলাকালীন সময়ে আপনার সন্তানের সাথে দেখা করার প্রয়োজন হলে অধ্যক্ষের মাধ্যমে দেখা করতে হবে।
- ১ জানুয়ারি থেকে ক্লাস শুরু হবে এবং নিয়মিত ক্লাস টেস্ট হবে।
- ক্লাস চলাকালীন সময়ে শিক্ষার্থীদের ক্লাস রুমের বাইরে বের হওয়া যাবে না। সঙ্গে খাওয়ার পানি রাখবে।
- জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবসে প্রতিষ্ঠান খোলা থাকবে। দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকতে হবে।
- দেশাত্মবোধ, শিষ্টাচার, সহযোগিতা, সহমর্মিতা, সৌজন্যবোধ ইত্যাদি ভালো আচরণের তথা মূল্যবোধের চর্চা করতে হবে। পিতা-মাতা, গুরুজন এবং শিক্ষককে শ্রদ্ধা করতে হবে।
- ৩ মাস বেতন না দিলে ভর্তি বাতিল হয়ে নাম কাটা যাবে এবং ভর্তি ফি সহ যাবতীয় পাওনা পরিশোধ করে পুনঃভর্তি হতে হবে।

- বেতন, পরীক্ষার ফি ও অন্যান্য পাওনাদি পরিশোধ করে প্রবেশপত্র সংগ্রহ সাপেক্ষে প্রতি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, অন্যথায় নয়।
- প্রতি মাসের দেয় বেতনের রসিদ বই অবশ্যই সংরক্ষণ করতে হবে।
- শ্রেণিতে উপস্থিতির হার কমপক্ষে ৮০% হলে বার্ষিক / নির্বাচনি / মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- দশম শ্রেণির ক্ষেত্রে কারিকুলাম বোর্ড নিয়ম অনুযায়ী সৃজনশীল ও বহুনির্বাচনি বিষয়ে আলাদাভাবে পাস করতে হবে।
- পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে উক্ত দিনের পরীক্ষা বাতিল করা হবে।
- চূড়ান্ত ফলাফল গড় ভিত্তিক হওয়ায় প্রতিটি পরীক্ষায় অংশগ্রহণ আপনার সন্তানের জন্য বাধ্যতামূলক।
- ফলাফল নির্ণয়ে কোন সমস্যা পরিলক্ষিত হলে ফল প্রকাশের ৩ কার্যদিবসের মধ্যে যোগাযোগ করতে হবে।
- সন্তানদের প্রতিষ্ঠানে উপস্থিতি ও পাঠোন্নতির খোঁজ-খবর প্রতিনিয়ত নিতে হবে।
- <u>কর্তৃপক্ষের বিনা অনুমতিতে প্রতিষ্ঠান ত্যাগ করলে প্রতি দিন ৫০ (পঞ্চাশ) টাকা হারে জরিমানা দিতে হবে।</u>
- শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রতি বছরের মার্চ, জুন ও সেপ্টেম্বর মাসের শেষ বৃহস্পতিবার বেলা ২-৩০ মিনিটে আয়োজিত 'মত বিনিময়' সভায় সম্মানিত অভিভাবকবৃন্দকে অবশ্যই উপস্থিতি থাকতে হবে।
- <u>প্রয়োজনে কর্তৃপক্ষ সিলেবাস পরিবর্তন করতে পারবে।</u>

# অগ্রণী বিদ্যালয় ও মহাবিদ্যালয়, রাজশাহী।

পাঠ পরিকল্পনা-২০২৫

**শ্রেণি : নার্সারি**

## বিষয়-বাংলা

**অর্ধ-বার্ষিক পরীক্ষা :**

| বিষয়বস্তু / পাঠ |
|---|
| বর্ণ পরিচিতি, স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ ( অ - ) |
| স্বর চিহ্নের পরিচয় ও ব্যঞ্জনবর্ণের পাশে স্বরচিহ্ন লেখা |
| পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রা বিহীন স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ |
| বর্ণ দ্বারা শব্দ গঠন ( অ – ণ ) |
| কার চিহ্ন ছাড়া শব্দ গঠন |
| ফুল, ফল, পশু, রং ও চার দিকের নাম |

**প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

| | |
|---|---|
| বর্ণ লিখা | ৫+৫=১০ |
| ব্যঞ্জনবর্ণের পাশে স্বরচিহ্ন লিখা | ৫ |
| সাজিয়ে লিখা | ৫ |
| পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাবিহীন | ৪ |
| বর্ণ দ্বারা শব্দ গঠন | ৫ |
| খালি ঘর পূরণ | ৫ |
| কার চিহ্ন ছাড়া শব্দ গঠন | ৫ |
| ফুল, ফল, পশু, রং ও চার দিকের নাম | ৫ + ৫ = ১০ |
| পরিষ্কার পরিচ্ছন্নতা | ১ |

**সর্বমোট = ৫০**

**বার্ষিক পরীক্ষা :**

| বিষয়বস্তু / পাঠ |
|---|
| বর্ণ পরিচয় স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ ( অ- ) |
| বর্ণ দ্বারা শব্দ গঠন ( ত- ) |
| স্বরচিহ্ন দিয়ে ১টি করে শব্দ গঠন |
| শূন্যস্থান পূরণ |

| |
|---|
| সাজিয়ে লিখা (এলোমেলো বর্ণগুলো সাজিয়ে সঠিক শব্দ গঠন) |
| কার ছাড়া শব্দ গঠন |
| পাখি, মাছ, শাক সবজির নাম, রং ও সাত দিনের নাম |

**প্রশ্নের ধারা ও মানবন্টন:**

| | |
|---|---|
| বর্ণ লিখা | ৫ |
| বর্ণ দিয়ে শব্দ গঠন | ১০ |
| স্বরচিহ্ন দিয়ে ১টি করে শব্দ গঠন | ৫ |
| শূন্যস্থান পূরণ | ১০ |
| সাজিয়ে লিখা | ৫ |
| কার চিহ্ন ছাড়া শব্দ গঠন | ৪ |
| পাখি, মাছ, শাকসবজি, রং ও সাত দিনের নাম | ৫+৫=১০ |
| পরিষ্কার পরিচ্ছন্নতা | ১ |
| | **সর্বমোট = ৫০** |

## বিষয়-ইংরেজী

**অর্ধ-বার্ষিক পরীক্ষা :**

| বিষয়বস্তু / পাঠ |
|---|
| 1 Capital letter, small letter (A-Z) (a-z) |
| 2 Making words with meaning (পাঠ্যবইয়ের প্রথম শব্দ) |
| 3 Flowers fruits and animals name |

**প্রশ্নের ধারা ও মানবন্টন:**

| | |
|---|---|
| Capital Letter / small letter হাতের লেখা (A-Z) (a-z) | 10 |
| Capital letters কে small letters এ রূপান্তর কর | 5 |
| খালিঘরে পরের দুটি বর্ণ লেখ | 5 |
| উপযুক্ত বর্ণ বসিয়ে শব্দ গঠন কর | 5 |
| বর্ণের সাথে শব্দের মিলকরণ | 5 |
| ইংরেজিতে লেখা | 5 |
| বাংলায় লেখা | 5 |
| বর্ণ দিয়ে শব্দ গঠন কর | 5 |
| ফুল, ফল ও পশু (১টি বিষয়) | 5 |

**Total = 50**

**বার্ষিক পরীক্ষা :**

| **বিষয়বস্তু / পাঠ** |
|---|
| 1 Making words with meaning (পাঠ্যবইয়ের ২য় শব্দ) |
| 2 Birds, Vegetables and Fishes name |

**প্রশ্নের ধারা ও মানবন্টন:**

| | |
|---|---|
| Small letter কে capital letter এ পরিণত কর। | ৫ |
| ফাঁকা ঘরে পরের বর্ণ লিখ | ৫ |
| বর্ণগুলোকে ক্রমানুসারে সাজিয়ে লিখ (A-Z) (a-z) | ৫ |
| বর্ণ দিয়ে শব্দ গঠন কর ও অর্থ লিখ | ১০ |
| উপযুক্ত বর্ণ বসিয়ে শব্দ গঠন ও অর্থ লিখ | ১০ |
| ইংরেজি কর | ৫ |
| বাংলা কর | ৫ |
| পাখি, শাকসবজি ও মাছের নাম (১টি বিষয় লিখতে হবে) | ৫ |
| | **সর্বমোট = ৫০** |

## বিষয়–গণিত

**অর্ধ-বার্ষিক পরীক্ষা :**

| **বিষয়বস্তু / পাঠ** |
|---|
| ১-৩০ এবং 1-30 পর্যন্ত সংখ্যা লিখা |
| ১-৩০ এবং 1-30 পর্যন্ত অংকে ও কথায় লিখা |
| ১-৩০ পর্যন্ত জোড় ও বিজোড় |
| ১-৩০ এবং 1-30 পর্যন্ত ফাঁকা ঘর পূরণ |
| ১-৩০ এবং 1-30 পর্যন্ত সাজিয়ে লিখ |
| রূপান্তর কর ১-৩০ পর্যন্ত (বাংলা থেকে ইংরেজি সংখ্যায় রূপান্ত কর) |

**প্রশ্নের ধারা ও মানবন্টন:**

| | |
|---|---|
| সংখ্যা লিখা | ৫ + ৫ = ১০ |
| কথায় লিখা | ৫ + ৫ = ১০ |
| অংকে লিখা | ৫ |
| জোড়-বিজোড় লিখা | ১০ |
| ফাঁকা ঘর পূরণ | ৫ |
| সাজিয়ে লিখা | ৫ |
| বাংলা থেকে ইংরেজি সংখ্যায় রূপান্তর | ৫ |
| | **সর্বমোট = ৫০** |

**বার্ষিক পরীক্ষা :**

| **বিষয়বস্তু / পাঠ** |
|---|
| ১-৫০ এবং 1-50 পর্যন্ত সংখ্যা লিখা |
| ১-৫০ এবং 1-50 পর্যন্ত অংকে ও কথায় লিখা |
| ১-৫০ পর্যন্ত জোড় ও বিজোড় |
| ১-৫০ এবং 1-50 পর্যন্ত ফাঁকা ঘর পূরণ |
| ১-৫০ এবং 1-50 পর্যন্ত সাজিয়ে লিখা |
| রূপান্তর কর ১-৫০ পর্যন্ত (বাংলা থেকে ইংরেজি সংখ্যায় রূপান্ত কর) |

**প্রশ্নের ধারা ও মানবন্টন:**

| | |
|---|---|
| সংখ্যা লিখা | ৫ + ৫ = ১০ |
| কথায় লিখা | ৫ + ৫ = ১০ |
| অংকে লিখা | ৫ |
| জোড়-বিজোড় লিখা | ১০ |
| ফাঁকা ঘর পূরণ | ৫ |
| সাজিয়ে লিখা | ৫ |
| ইংরেজি থেকে বাংলা সংখ্যায় রূপান্তর | ৫ |
| | **সর্বমোট = ৫০** |

**॥ সমাপ্ত ॥**